# ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়ন দ্বিবার্ষিক সাধারণ নির্বাচন (২০২৪ ও ২০২৫)

## বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়ন-এর কার্যকরী পরিষদের নিম্নলিখিত পদসমূহের সাধারণ নির্বাচন আগামী ২৮ মে ২০২৪ মঙ্গলবার সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রের ক্যাফেটেরিয়ায় অনুষ্ঠিত হবে।

### কার্যকরী পরিষদের পদসমূহঃ

| | | |
|---|---|---|
| ১. | সভাপতি | ১ (এক) টি পদ |
| ২. | সহ-সভাপতি | ৩ (তিন) টি পদ |
| ৩. | সাধারণ সম্পাদক | ১ (এক) টি পদ |
| ৪. | সহকারী সম্পাদক | ২ (দুই) টি পদ |
| ৫. | কোষাধ্যক্ষ | ১ (এক) টি পদ |
| ৬. | প্রচার সম্পাদক | ১ (এক) টি পদ |
| ৭. | সাংগঠনিক সম্পাদক | ১ (এক) টি পদ |
| ৮. | দপ্তর সম্পাদক | ১ (এক) টি পদ |
| ৯. | ক্রীড়া সম্পাদক | ১ (এক) টি পদ |
| ১০. | সাংস্কৃতিক ও পরিবহন সম্পাদক | ১ (এক) টি পদ |
| ১১. | মহিলা সম্পাদিকা | ১ (এক) টি পদ |
| ১২. | সদস্য | ১১ (এগার) টি পদ |
| | মোট= | ২৫ (পঁচিশ) টি পদ |

### নির্বাচন কার্যক্রমঃ

১। **খসড়া ভোটার তালিকাঃ** ২৮ এপ্রিল ২০২৪ রবিবার সকাল ১০টায় প্রধান নির্বাচন কমিশনার, পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন এর অফিসের (কক্ষ-৩১৬, প্রশাসনিক ভবন) নোটিশ বোর্ডে এবং চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের অফিস কক্ষে (ক্লাব ঘরে) খসড়া ভোটার তালিকা দেখা যাবে।

২। **খসড়া ভোটার তালিকায় আপত্তি গ্রহণঃ** ৩০ এপ্রিল ২০২৪ মঙ্গলবার দুপুর ৩টা পর্যন্ত ভোটার তালিকায় সংযোজন-সংশোধনের আপত্তি গৃহীত হবে। লিখিত আপত্তি নির্বাচন কমিশনার এবং ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৪) মো. আজাদ হোসেন হাজারী-র (কক্ষ-২০৮-ক, প্রশাসনিক ভবন) নিকট নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করা যাবে।

৩। **চূড়ান্ত ভোটার তালিকাঃ** ২ মে ২০২৪ বৃহস্পতিবার দুপুর ১২টায় প্রধান নির্বাচন কমিশনারের অফিসের নোটিশ বোর্ডে এবং চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের অফিস কক্ষে (ক্লাব ঘরে) চূড়ান্ত ভোটার তালিকা দেখা যাবে।

৪। **মনোনয়ন পত্র সংগ্রহঃ** ৫ ও ৬ মে ২০২৪ রবিবার ও সোমবার সকাল ১০টা হতে দুপুর ১টা পর্যন্ত নির্বাচন কমিশনার এবং ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৪) মো. আজাদ হোসেন হাজারী-র নিকট থেকে মনোনয়ন পত্র সংগ্রহ করা যাবে। নিম্নবর্ণিত হারে (অফেরৎযোগ্য) মনোনয়ন পত্র ও ভোটার তালিকা নগদ পরিশোধ করে সংগ্রহ করা যাবেঃ

| | |
|---|---|
| (ক) প্রতি সেট ভোটার তালিকা (বাধ্যতামূলক) | ২০০ (দুইশত) টাকা |
| (খ) সভাপতি/সাধারণ সম্পাদক পদে মনোনয়ন পত্রের ফি | ৬০০০ (ছয় হাজার) টাকা |
| (গ) সহ-সভাপতি/সহকারী সম্পাদক ও অন্যান্য সম্পাদক পদে মনোনয়ন পত্রের ফি | ৩০০০ (তিন হাজার) টাকা |
| (ঘ) সদস্য পদে মনোনয়ন পত্রের ফি | ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা |

৫। **মনোনয়ন পত্র জমা:** ৯ মে ২০২৪ বৃহস্পতিবার সকাল ১০টা হতে দুপুর ১টা পর্যন্ত টাকা পরিশোধের রসিদসহ সংগৃহীত মনোনয়ন পত্রটি পূরণ ও স্বাক্ষর করে নির্বাচন কমিশনার এবং ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৪) মো. আজাদ হোসেন হাজারী-র নিকট জমা দেয়া যাবে।

৬। **মনোনয়ন পত্র বাছাই ও বৈধ তালিকা প্রকাশ:** ১৩ মে ২০২৪ সোমবার দুপুর ১২টায় প্রধান নির্বাচন কমিশনারের অফিস কক্ষে মনোনয়ন পত্র বাছাই করে বৈধ তালিকা প্রকাশ করা হবে। তালিকার কপি ঐদিন বিকাল ৩টায় প্রধান নির্বাচন কমিশনারের অফিসের নোটিশ বোর্ডে এবং চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের অফিস কক্ষে (ক্লাব ঘরে) দেখা যাবে।

৭। **মনোনয়ন পত্র প্রত্যাহার:** ১৫ মে ২০২৪ বুধবার সকাল ১০টা হতে দুপুর ১টা পর্যন্ত নির্বাচন কমিশনার এবং ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৪) মো. আজাদ হোসেন হাজারী-র নিকট সশরীরে উপস্থিত হয়ে লিখিত আবেদনের মাধ্যমে প্রার্থী তাঁর প্রার্থিতা প্রত্যাহার করতে পারবেন।

৮। **প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ:** ১৬ মে ২০২৪ বৃহস্পতিবার সকাল ১০টায় প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রধান নির্বাচন কমিশনারের অফিস কক্ষে প্রকাশ করা হবে এবং চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের অফিস কক্ষে (ক্লাব ঘরে) টানানো হবে।

৯। **প্রতীক বরাদ্দ:** ২০ মে ২০২৪ সোমবার বিকাল ৩টায় প্রার্থীদের নির্বাচনী প্রতীক প্রধান নির্বাচন কমিশনারের অফিস কক্ষে বরাদ্দ করা হবে। প্রার্থী গত নির্বাচনে যে প্রতীক নিয়ে নির্বাচন করেছিলেন (যদি করে থাকেন) এবারের নির্বাচনে তিনি সেই প্রতীক বরাদ্দের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। তবে প্রতীক বরাদ্দে নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত।

১০। **ভোটদানের জন্য পরিচয়পত্র সংগ্রহ:** ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী ***নির্ধারিত পরিচয়পত্র ছাড়া কোন ভোটারকে ব্যালট পেপার সরবরাহ করা হবে না।*** এজন্য ভোটার নিজ উদ্যোগে স্ব-স্ব অফিস প্রধান কর্তৃক স্বাক্ষরিত বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ছবিসম্বলিত পরিচয়পত্র প্রদর্শন করে ব্যালট পেপার সংগ্রহ করবেন।

১১। **ভোট গ্রহণ ও ফলাফল প্রকাশ:** ২৮ মে ২০২৪ মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্রের ক্যাফেটেরিয়ায় সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে। ভোটগ্রহণের অব্যবহিত পরেই ভোট গণনা করে ফলাফল প্রকাশ করা হবে।

১২। ঘোষিত নির্বাচন বিধি অনুযায়ী এই নির্বাচন কার্য পরিচালিত হবে। উপরোক্ত সময়সূচী প্রয়োজনবোধে নির্বাচন কমিশন পরিবর্তন করতে পারবে।

24.04.24

(মোহাম্মদ জাবেদ আলম মৃধা)
পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, ঢাকা বিশ্ববিদ্যালয়
এবং
প্রধান নির্বাচন কমিশনার, ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়ন
দ্বিবার্ষিক সাধারণ নির্বাচন, ২০২৪ ও ২০২৫

তারিখ: ২৪ এপ্রিল ২০২৪

অনুলিপি:

ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়ন দ্বিবার্ষিক সাধারণ নির্বাচন (২০২৪ ও ২০২৫)

## নির্বাচন বিধিমালা

১। ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের সংবিধান মোতাবেক এবং কার্যকরী পরিষদ কর্তৃক অনুমোদিত ভোটার তালিকা অনুযায়ী সকল ভোটার সাধারণ নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে।

২। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক প্রার্থীর তথ্য নির্দিষ্ট মনোনয়ন পত্রে একজন ভোটার দ্বারা প্রস্তাবিত ও অপর ভোটার দ্বারা সমর্থিত এবং প্রার্থীর সম্মতি ও স্বাক্ষর থাকতে হবে।

৩। প্রার্থী, প্রস্তাবকারী এবং সমর্থনকারীর নাম, পদবী ও ভোটার নম্বর ভোটার তালিকা অনুযায়ী হতে হবে। অন্যথায় মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে।

৪। ভোট কেন্দ্রে সংশ্লিষ্ট ভোটারকে পূর্ণাঙ্গ নাম, পদবী, বর্তমান অফিস প্রধানের স্বাক্ষর ও সীলযুক্ত বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত পরিচয়পত্র দেখাতে হবে। অন্যথায় ভোটদানপত্র সরবরাহ করা হবে না।

৫। কোনো ভোটার যে পদের জন্য যে কয়টি আসন থাকবে সেই পদে অনুর্ধ্ব ততজনকে প্রার্থীরূপে প্রস্তাব বা সমর্থন করতে পারবেন।

৬। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে প্রার্থী স্বয়ং উপস্থিত হয়ে লিখিত আবেদনক্রমে তাঁর প্রার্থীপদ প্রত্যাহার করতে পারবেন। বৈধ প্রার্থীদের চূড়ান্ত তালিকায় কোনো বিশেষ পদের নির্ধারিত সংখ্যক পদের চেয়ে প্রার্থীর সংখ্যা বেশি না হলে তাঁকে/তাঁদেরকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত বলে ঘোষণা করা হবে।

৭। ভোটদানপত্রের নির্দিষ্ট ঘরে সীল দেওয়ার কার্য গোপনে সম্পন্ন করে তা নির্বাচন কমিশনের সম্মুখে রক্ষিত ব্যালট বাক্সে ফেলতে হবে। ভোটদান পত্র নিয়ে কেউই ভোটকেন্দ্র পরিত্যাগ করতে পারবেন না। ভোটদানপত্রে নির্ধারিত সীল ছাড়া অন্য কিছু ব্যবহার করা হলে/চিহ্ন থাকলে/স্বাক্ষর করলে/কিছু লেখা থাকলে ভোটদানপত্রটি বাতিল বলে গণ্য হবে।

৮। প্রার্থী বা প্রার্থীর মনোনীত একজন প্রতিনিধি (অবশ্যই ভোটার হতে হবে) ভোটকেন্দ্রে উপস্থিত থাকতে পারবেন এবং ভোট দেওয়া পর্যবেক্ষণ করতে পারবেন। প্রতিনিধির নাম লিখিতভাবে নির্বাচন কমিশনকে জানাতে হবে। কোনো ওজর-আপত্তির বিষয়ে প্রার্থী বা প্রার্থীর মনোনীত প্রতিনিধি প্রধান নির্বাচন কমিশনারের কাছে লিখিত আবেদন করতে পারবেন।

৯। ভোট গ্রহণের পূর্বে প্রার্থী বা তাঁর মনোনীত প্রতিনিধির সম্মুখে নির্বাচন কমিশন কর্তৃক ব্যালট বাক্স সীল-গালা করা হবে এবং ভোটদান কার্য শেষ হবার অব্যবহিত পরেই তাঁদের সম্মুখে ব্যালট বাক্স খোলা হবে এবং ভোট গণনা করা হবে।

১০। ভোট গণনার সময় প্রার্থী বা তাঁর প্রতিনিধি গণনাকারীদের কাজ পর্যবেক্ষণ করতে পারবেন। কিন্তু তাঁদের কাজে কোন প্রকার ব্যাঘাত সৃষ্টি করতে পারবেন না।

১১। ভোট গণনার সময় বৈধতার কোন প্রশ্ন দেখা দিলে তৎক্ষণাৎ প্রার্থী বা তাঁর প্রতিনিধি মীমাংসার জন্য প্রধান নির্বাচন কমিশনারের/নির্বাচন কমিশনারের নিকট উপস্থাপন করবেন।

১২। নির্দিষ্ট প্রতিটি পদের জন্য প্রত্যেক ভোটারের একটি করে ভোট থাকবে এবং একাধিক আসন বিশিষ্ট পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট পদে যতটি আসন থাকবে প্রত্যেক ভোটার ঐ পদে ততটি ভোট দিতে পারবেন। নির্বাচন পদপ্রার্থী ব্যক্তিরাও ভোটাধিকার ভোগ করবেন। উল্লেখ্য, একজন প্রার্থী একাধিক পদে প্রতিদ্বন্দিতা করতে পারবেন না।

১৩। কোন পদে সমান সংখ্যক ভোট হলে অথবা একটিমাত্র ভোটের ব্যবধান থাকলে ঐ পদের প্রার্থী শুধুমাত্র সেই পদের ভোট পুণঃগণনা করার জন্য তাৎক্ষণিক লিখিত আবেদন জানাতে পারবেন। কোন পদে সমান সংখ্যক ভোট গৃহীত হলে লটারি দ্বারা চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হবে। প্রধান নির্বাচন কমিশনারের উপর লটারির ব্যবস্থার দায়িত্ব থাকবে।

১৪। ভোটকেন্দ্রের আবেষ্টনীর ভিতর কোনরূপ প্রচার কার্য চালানো যাবে না।

১৫। যথাযথভাবে নির্বাচন বিধি অনুসরণ করা হয়নি এরূপ কোন কারণ ঘটলে প্রধান নির্বাচন কমিশনারের নিকট লিখিত আপত্তি করা যাবে। নির্বাচন সংক্রান্ত সকল বিষয়ে প্রধান নির্বাচন কমিশনারের সিদ্ধান্তই চূড়ান্ত।

১৬। বিশ্ববিদ্যালয়ের কোনো ভবনে, অফিসে, দেয়ালে, ব্যাংকের সম্মুখে লেখা, পোস্টার বা ব্যানার লাগানো যাবে না। কোনো ধরণের মিছিল, বৃহৎ আকারে মিটিং বা জনসমাবেশ করা যাবে না।

১৭। কোন প্রার্থী নির্বাচনকে উপলক্ষ করে উপহার বা দান হিসেবে কাউকে কোনকিছু প্রদান করতে পারবেন না। এরূপ কোন অভিযোগ প্রমাণিত হলে নির্বাচন কমিশন সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করতে পারবেন।

১৮। ভোটকেন্দ্রের শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য নির্বাচন কমিশন সচেষ্ট থাকবেন। প্রয়োজনবোধে স্বেচ্ছাসেবক এবং শান্তি ও শৃঙ্খলা রক্ষাকারী সংস্থার লোক নিয়োগ করতে পারবেন।

১৯। বুথের অভ্যন্তরে কেউই মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না।

২০। এ নির্বাচন ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়ন-এর নির্বাচনী বিধি মোতাবেক অনুষ্ঠিত হবে।

২৪.০৪.২৪

(মোহাম্মদ জাবেদ আলম মৃধা)

তারিখ: ২৪ এপ্রিল ২০২৪

পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, ঢাকা বিশ্ববিদ্যালয়

এবং

প্রধান নির্বাচন কমিশনার, ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়ন